



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, Ballygunge Circular Road, Kolkata – 700019

2nd Term Answer Work Sheet - 7

Class: 3



Subject: Bengali Grammar: (অনুচ্ছেদ লেখ)

Date: 29/07/2020

বর্ষাকাল

আষাঢ় ও শ্রাবণ এই দুই মাস হল বর্ষাকাল। গ্রীষ্মের প্রচন্ড তাপে খাল, বিল, নদী, পুকুর প্রায় শুকিয়ে যায়। মানুষ, পশু, পাখি, জীবজন্তুর প্রাণ গরমে অতিষ্ঠ হয়ে ওঠে। গাছপালা জলের অভাবে প্রায় মরতে বসে। এই সময়ে বর্ষা আমাদের সকলের জন্য একটা স্বস্তি নিয়ে আসে। বর্ষাকালে আকাশ জুড়ে কালো মেঘ দেখা যায়। অবিরাম ধারায় বৃষ্টি পড়তে থাকে। চারিদিক সবুজ সতেজ হয়ে ওঠে। খাল, বিল, নদী, পুকুর সবই জলে থই, থই করে। কৃষকের খুব আনন্দ হয়। এই সময়েই তারা মাঠে যায় ধান চাষ করার জন্য। বর্ষাকালের সৌন্দর্যের জন্য অনেক কবি বর্ষাকে নিয়ে অনেক কবিতা, গান ইত্যাদি লিখে গেছেন। তবে বর্ষাকালে অনেক সময় অতি বৃষ্টির ফলে বন্যা হয়। ঘর, বাড়ি, মাঠ-ঘাট সব জলে ডুবে যায়। বন্যার ফলে গৃহপালিত পশু, হাঁস, মুরগি ইত্যাদি ভেসে যায়। মানুষকে আশ্রয় নিতে হয় কোন উঁচু বাড়ির ছাদে অথবা গাছের উপরে। বন্যার ফলে প্রচুর ফসল নষ্ট হয়। ম্যালেরিয়া, টাইফয়েড, আমাশয় প্রভৃতি রোগ দেখা যায়। তবুও বর্ষাকাল আমাদের কাছে সব সময়ই স্বাগত।

Manashi Chaudhuri